# উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার নভেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখ ও সময় ঃ ২৯-১১-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি : তারিখে ভিটামিন এ+ ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে এবং তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৩। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, মাঠ পর্যায়ে ভেড়া ও ছাগলের পিপিআর ভ্যাক্সিনেশন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, "জাটকা সংরক্ষণ অভিযান-২০২৩" এর আওতায় জাটকা রক্ষা কার্যক্রম চলমান রয়েছে। পুকুরের উপর মুরগীর খামার বন্ধের লক্ষ্যে খামারের তালিকা তৈরির কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫। **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২নং চরপার্বতী ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি ২০১৭ সালে পরিত্যাক্ত ঘোষণা করা হয়েছে। ইতিপূর্বে উক্ত কার্যালয়ে কর্মরত অবস্থায় একজন পরিবার কল্যাণ পরিদর্শক দূর্ঘটনার শিকার হন। অত্র ঝুঁকিপূর্ণ ভবনের পরিবর্তে নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৬। **এলজিইডি ঃ** উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে,তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৭। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উত্তর চরফকিরা সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং চরকাঁকড়া ০২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর তৈরিতে জায়গা নিয়ে সমস্যা তৈরি হয়েছে। উক্ত সমস্যা সমাধানে সহযোগিতা কামনা করেন। এছাড়া যেসকল বিদ্যালয় নির্মাণ কাজ শুরু করে বর্তমানে বন্ধ রয়েছে সেসকল বিদ্যালয়ের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৮। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ৯। **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জনান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০। **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে এবং আশ্রয়ন প্রকল্পের সার্ভিস চার্জ প্রকল্পের অংশ প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১। **খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে অত্র উপজেলায় ৭০৯,০০০ মে:টণ ধান ও ৩৬৯,০০০ মে:টণ সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। এ বছর ধানের সংগ্রহ মূল্য কেজি প্রতি ৩০/- (ত্রিশ) টাকা এবং আমন চালের সংগ্রহ মূল্য কেজি প্রতি ৪৪/- (চুয়ল্লিশ) টাকা নির্ধারণ করা হয়েছে। ধান "কৃষকের অ্যাপস" এ নিবন্ধিত প্রকৃত কৃষকের নিকট থেকে এবং চাল খাদ্য বিভাগের লাইসেন্সধারী চালকল মালিক বা মিলার এর নিকট থেকে সংগ্রহ করতে হবে। এ সংগ্রহের সময়সীমা আগামী ২৯-০২-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, অত্র উপজেলায় ০২টি লাইসেন্সধারী চালকল আছে ফলে নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দকৃত ধান ও চাল সংগ্রহ করা সম্ভব হবে। এছাড়া খাদ্য বান্ধব কর্মসূচির অনিয়মের বিষয়ে চরএলাহীর ডিলারের বিরুদ্ধে যে অভিযোগ রয়েছে তার সত্যতা প্রমানিত হয়েছে। উক্ত ডিলারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে ৩ (তিন) দিনের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়েছে। কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর তৎপ্রেক্ষিতে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সরকারিভাবে সরবরাহকৃত ২০২৪ সালের জন্য মাধ্যমিক পর্যায়ের ৬ষ্ঠ-৯ম শ্রেণী এবং মাদ্রাসার ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক এ পর্যন্ত ৪০% পাওয়া গেছে। এছাড়া ২০২৪ সালের মাধ্যমিক পর্যায়ের ৮ম ও ৯ম শ্রেণীতে নতুন কারিকুলাম বিস্তরণ বিষয়ে স্কুল, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষকগণের ৭ দিনব্যাপী প্রশিক্ষণ আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখ থেকে শুরু হবে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ১৩। **পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর চূড়ান্ত রিপোর্ট প্রকাশ করা হয়েছে। রিপোর্ট অনুযায়ী বাংলাদেশের মোট জনসংখ্যা ১৬,৯৮,২৮,৯১১ জন, যার মধ্যে পুরুষ ৮,৪১,৩৪,০০৩ জন এবং নারী ৮,৫৬,৮৬,৭৮৪ জন। চূড়ান্ত রিপোর্টের জেলা সিরিজ প্রকাশের পর উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন পরিসংখ্যানিক তথ্য পাওয়া যাবে। উল্লেখ্য প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী কোম্পানীগঞ্জ উপজেলার মোট জনসংখ্যা ৩,০১,৩১০ জন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৪। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ইডিসি প্রকল্পের আওতায় সকল তথ্য প্রেরণের কাজ চলমান রয়েছে। জাতীয় তথ্য বাতায়নের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। ডি-নথিতে সকল দপ্তরকে অন্তর্ভূক্তির কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ১৫। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ১৬। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। **সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলাতে ১৮২৩২ জন ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশন সমাপ্ত হয়েছে; যার মধ্যে ৫৪৪ জন মৃত এবং ১০৫০ জন নিরুদ্দেশ পাওয়া যায়। সংশ্লিষ্ট পৌরসভা ও ইউনিয়নে পূর্ণাঙ্গ তালিকা প্রেরণের পরেও মৃত্যুজনিত প্রতিস্থাপনের নিমিত্ত ইউনিয়ন কমিটির রেজুলেশন পাওয়া যায়নি। এর ফলে ভাতা কার্যক্রমে বিঘ্ন ঘটছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৯। **বিদ্যুৎ বিভাগঃ** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২০। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে যার ফলে লোডশেডিং নেই এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২১। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২। **বিএডিসি বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, সেচ কাজে ব্যবহৃত ব্যক্তিগত গভীর ও অগভীর নলকূপের লাইসেন্স এর আবেদন ও তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। কৃষি কাজে ব্যবহারের জন্য ১৫টি নলকূপ স্থাপনের আবেদন সরেজমিন তদন্তক্রমে প্রতিবেদন দাখিল করা হয়েছে। আবেদনকারী ০৭জন কৃষকের অনুকূলে লাইসেন্স প্রদান করা যেতে পারে। | তদন্ত প্রতিবেদন অনুযায়ী কৃষি কাজে ব্যবহারের জন্য ১৫ জন কৃষকের অনুকূলে নলকূপ স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২৩। **শিক্ষা প্রকৌশল অধিদপ্তরঃ** উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি মহোদয় অনলাইনে ভার্চুয়ালি অত্র উপজেলার ০২টি শিক্ষা প্রতিষ্ঠানের শুভ উদ্বোধন করেন এবং মাননীয় শিক্ষামন্ত্রী ড. দিপু মনি, এমপি মহোদয় অনলাইনে ভার্চুয়ালি অত্র উপজেলার রংমালা আদর্শ মডেল উচ্চ বিদ্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণ (২য় ও ৩য় তলা) শুভ উদ্বোধন করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) |
| ২৪। **তথ্য কেন্দ্র :** তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, |
| ২৫। প্যানেল চেয়ারম্যান, ০২নং চরপার্বতী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নে চৌধুরীহাট বাজারের যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ঘূর্নিঝড় মিধিলির প্রভাবে ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৬। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী হাজারীহাট বাজারে যে ভবন হচ্ছে তার কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকার্ষণ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭। চেয়ারম্যান, ০৭নং মুছাপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালীর প্রতিনিধি তার ইউনিয়নে বিভিন্ন স্থানে সরকারের অনুমোদন না নিয়ে যেসকল মাদ্রাসা/কিন্ডার গার্টেন স্থাপিত হচ্ছে সেগুলোর বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালীর প্রতিনিধি চরবালুয়াতে শিশু ও গর্ববতী মায়েদের টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করায় স্বাস্থ্য বিভাগের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া চরএলাহী স্বাস্থ্য কমপ্লেক্সে নরমাল ডেলীভারী সেবা চালু করায় গত ১ বছরে ২০২ জন গর্ববতী মা নরমাল ডেলীভারী সেবা গ্রহণ করেন এ জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। | - | - |

<table>
<tr>
<td>২৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী উপজেলা প্রকৌশল বিভাগকে বিভিন্ন উন্নয়নমূলক কাজ যথাসময়ে সম্পন্ন করার অনুরোধ জানান। নতুন করে কোন শিক্ষা প্রতিষ্ঠান চালু করতে হলে ইউনিয়ন পরিষদ থেকে অনুমোদন নিতে হবে এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে বিষয়টি মনিটরিং করার জন্য অনুরোধ জানান। এছাড়া চরলেংটা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি চরবালুয়াতে স্থানান্তর করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>৩০। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদ পুরাতন ভবনে বৈদ্যুতিক পাখা, লাইট স্থাপন এবং কমন ওয়াশরুমের লোহার দরজা স্থাপন বাবদ মোট ৪৬৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকার বিল পাওয়া গেছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) উপজেলা পরিষদ সিসি ক্যামেরা মেরামত/যন্ত্রাংশ ক্রয়, কম্পিউটার সামগ্রী ক্রয় ও বৈদ্যুতিক তার ক্রয়ের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত জীপগাড়ী মেরামত ও ব্যাটারি ক্রয় বাবদ মোট ২৪৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) টাকার বিল পাওয়া গেছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী কাম সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগ, নিয়োগকৃত কর্মচারীগণের বেতন ভাতাদি ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্ত পত্র প্রেরণের বিষয়েও আলোচনা করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>পদের নাম</th><th>বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫)</th><th>পদের সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>লাইব্রেরীয়ান কাম-অফিস সহকারী</td><td>১৬</td><td>০২ জন</td></tr>
<tr><td>০২</td><td>অফিস সহায়ক</td><td>২০</td><td>০১ জন</td></tr>
<tr><td>০৩</td><td>পরিচ্ছন্নতাকর্মী</td><td>২০</td><td>০১ জন</td></tr>
</table>
</td>
<td>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদ পুরাতন ভবনে বৈদ্যুতিক পাখা, লাইট স্থাপন এবং কমন ওয়াশরুমের লোহার দরজা স্থাপন বাবদ মোট ৪৬৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদ সিসি ক্যামেরা মেরামত/যন্ত্রাংশ ক্রয়, কম্পিউটার সামগ্রী ক্রয় ও বৈদ্যুতিক তার ক্রয়ের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত জীপগাড়ী মেরামত ও ব্যাটারি ক্রয় বাবদ মোট ২৪৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী কাম সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগ, নিয়োগকৃত কর্মচারীগণের বেতন ভাতাদি ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ এবং এ বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্ত পত্র প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী</td>
</tr>
</table>

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)<br>
চেয়ারম্যান<br>
উপজেলা পরিষদ<br>
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ১৯৫৫

তারিখ ঃ ০৭ নভেম্বর ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

৭.১১.২৩

মোঃ মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd